গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
# চুনারুঘাট সরকারি কলেজ
চুনারুঘাট, হবিগঞ্জ।

ফোন-০২৯৯৬৬০৮৪৫৯ ই-মেইল ঃ chunarughatgovtcollege@yahoo.com

বিজ্ঞপ্তি নম্বর- ২০২৩/৫০ তারিখ ঃ ০৫-১১-২০২৩খ্রি.

## বিজ্ঞপ্তি

এতদ্বারা চুনারুঘাট সরকারি কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের **"সমন্বিত উপবৃত্তি কর্মসূচি"** নামে "সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম" এর একটি স্কীম হিসেবে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় উক্ত উপবৃত্তি কর্মসূচিটি বাস্তবায়নাধীন। শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে বাছাইয়ের জন্য নির্দিষ্ট আবেদন ফরমের মাধ্যমে শিক্ষার্থীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা হলো। শিক্ষার্থীরা আবেদনপত্র সংগ্রহপূর্বক নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করে আগামি ১৫-১১-২০২৩খ্রি. তারিখের মধ্যে আহ্বায়ক জনাব মো: মুহিবুর রহমান, প্রভাষক ইংরেজি বিভাগের নিকট জমাদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

বিঃ দ্রঃ উপবৃত্তির আবেদন ফরম কলেজ অফিস হতে পাওয়া যাবে।

আবেদনের সময় নিম্নোক্ত কাগজপত্রসমূহ জমা প্রদান করতে হবে :

০১। এসএসসি এর রেজিস্ট্রেশন কার্ড ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি।
০২। শিক্ষার্থীর ১৭ ডিজিটের জন্ম সনদের সত্যায়িত ফটোকপি।
০৩। পিতা ও মাতার/ অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি। (১৩-১৭ সংখ্যা)
০৪। আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি।
০৫। বীর মুক্তিযোদ্ধার সন্তান-সন্ততি ও নাতি/নাতনীদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি। (ভারতীয় লালবার্তা সহ)
০৬। ক্ষুদ্র ণৃ-গোষ্ঠীর প্রমাণক সনদের সত্যায়িত ফটোকপি।
০৭। শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ ও প্রাক্তন ছিটমহলের বাসিন্দাদের ক্ষেত্রে সনদের ফটোকপি। (যদি থাকে)
০৮। আবেদনকারীর অভিভাবক/পরিবারের সদস্যদের শারীরিক প্রতিবন্ধিতা, জন্মগত/দীর্ঘস্থায়ী রোগ/মানসিক রোগের সনদের ফটোকপি। (যদি থাকে)
০৯। আবেদনকারীর অভিভাবকের ভিজিডি/ভিজিএফ/বয়স্ক ভাতা/বিধবা ভাতা/স্বামী পরিত্যাক্তা কার্ডের ফটোকপি। (যদি থাকে)
১০। আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে পিতা-মাতা/ অভিভাবকের বৈধ/সচল অনলাইন ব্যাংক অথবা মোবাইল ব্যাংকিং (বিকাশ/রকেট/নগদ) একাউন্ট নম্বর সংযুক্ত করতে হবে। অনলাইন/ এজেন্ট ব্যাংকের ক্ষেত্রে ১৩ ডিজিটের একাউন্ট নম্বর সংযুক্ত করতে হবে।

উল্লেখ্য যে, ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৫-১১-২৩
প্রতিস্বাক্ষর

প্রফেসর মো: নবী হোসেন
আইডি নং- ৪১৭১
অধ্যক্ষ
চুনারুঘাট সরকারি কলেজ
চুনারুঘাট, হবিগঞ্জ

প্রফেসর মোঃ নবী হোসেন
আইডি নং- ৪১৭১
অধ্যক্ষ
চুনারুঘাট সরকারি কলেজ
চুনারুঘাট, হবিগঞ্জ
06.11.23

৫.১১.২৩
মো: মুহিবুর রহমান
আহ্বায়ক
উপবৃত্তি পরিচালনা কমিটি/২০২৩
চুনারুঘাট সরকারি কলেজ
চুনারুঘাট, হবিগঞ্জ